

## ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী

১-১২ আগস্ট ২০২৩

কোরিয়া

### কন্টিনজেন্ট বাছাই নীতিমালা

১. বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর কর্তৃক নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট (scouts.gov.bd) এ পাওয়া যাবে।
২. অঞ্চলসমূহ ৯ জন স্কাউট ও ১ জন ইউনিট লিডার এর সমন্বয়ে সর্বমোট ১০ জনের একটি পূর্ণাঙ্গ ইউনিট বাছাই করে আবেদন ফরম ফরওয়ার্ডিংসহ জাতীয় সদর দফতরে প্রেরণ করবে। ইউনিটের সংখ্যা একাধিক হতে পারবে। উল্লেখ্য, অসম্পূর্ণ ইউনিট প্রেরণ করা যাবেনা।
৩. আবেদনকারীদের আবশ্যিকভাবে বিএস আইডি (BS ID) থাকতে হবে।
৪. আবেদনকারীকে আবশ্যিকভাবে ইউনিটের সাথে সম্পৃক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট ইউনিটের চার্টার নম্বর থাকতে হবে।
৫. আবেদনকারীর ইংরেজি বলা ও শুনার স্বাভাবিক যোগ্যতা থাকতে হবে।
৬. ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীর জন্য চূড়ান্তভাবে মনোনীতদের আবশ্যিকভাবে বৈধ পাসপোর্ট থাকতে হবে এবং পাসপোর্টের মেয়াদ ২০২৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত থাকতে হবে।
৭. ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীর জন্য চূড়ান্তভাবে মনোনীতদের আবশ্যিকভাবে বাংলাদেশ কন্টিনজেন্ট ও জাম্বুরী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়ম মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। এ বিষয়ে বাংলাদেশ স্কাউটসকে লিখিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
৮. জাম্বুরীতে অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার ব্যক্তিগতভাবে বহন করতে হবে।
৯. যেসকল স্কাউট/ স্কাউটারের কর্মকান্ড স্কাউট প্রতিজ্ঞা ও আইনের সাথে সাংঘর্ষিক এবং যাদের কর্মকান্ড ইতোমধ্যে স্কাউট ভাবমূর্তিকে প্রশ্রবিদ্ধ করেছে তাদেরকে মনোনয়ন দেয়া হবেনা।
১০. যারা ইতোমধ্যে বিদেশে স্কাউট প্রোগ্রামে গিয়ে বাংলাদেশ স্কাউটস এর আরোপিত নীতিমালা ভঙ্গ করেছেন তাদেরকে মনোনয়ন দেয়া হবেনা।
১১. যারা দীর্ঘ সময় ব্যাপী স্কাউটিং এর সাথে সম্পৃক্ত রয়েছেন কিন্তু কোন বিদেশী স্কাউট ইভেন্টে অংশগ্রহণ করেননি তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
১২. মনোনয়নের ক্ষেত্রে ৩০% গার্ল ইন স্কাউট অগ্রাধিকার দেয়া যেতে পারে। গার্ল ইন স্কাউট ইউনিটের সাথে আবশ্যিকভাবে মহিলা ইউনিট লিডার থাকতে হবে।
১৩. মুক্তদল ও প্রাতিষ্ঠানিক দলের অংশগ্রহণকারীদের অনুপাত যৌক্তিক ও সংখ্যাগতভাবে বিচারে হতে হবে।
১৪. বয়স ও শারীরিক সক্ষমতা বিবেচনায় নিতে হবে।
১৫. স্কাউটিং এর সাথে সম্পৃক্ত নন এমন কেউ কোনভাবেই যাতে নির্বাচিত না হন তা নিশ্চিত করতে হবে।
১৬. স্বাস্থ্যবিধি মেনে কন্টিনজেন্ট বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

### বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে স্কাউটদের যোগ্যতা

১. বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশে বসবাসকারী হতে হবে।
২. ন্যূনতম স্ট্যান্ডার্ড ব্যাজ প্রাপ্ত হতে হবে।
৩. দীক্ষা ক্যাম্প ব্যতীত উপজেলা, জেলা, অঞ্চল বা জাতীয় পর্যায়ে কমপক্ষে ১টি ক্যাম্প করার অভিজ্ঞতা থাকতে হবে।
৪. মাই প্রোগ্রেস বুক হালনাগাদ থাকতে হবে।
৫. চূড়ান্তভাবে নির্বাচিত স্কাউটদের অভিভাবক, ইউনিট লিডার ও প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের লিখিত অনুমতি থাকতে হবে।

### বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে ইউনিট লিডারদের যোগ্যতা

১. কমপক্ষে উডব্যাজার হতে হবে।
২. অঞ্চল অথবা জাতীয় পর্যায়ে কমপক্ষে ২টি ক্যাম্প করার অভিজ্ঞতা থাকতে হবে।
৩. বয়স সর্বনিম্ন ৩০ বছর হতে হবে।
৪. ইংরেজি বা ফরাসি ভাষা বলা ও শুনার স্বাভাবিক যোগ্যতা থাকতে হবে।

### বিশ্ব স্কাউট জাম্বুরীতে অংশগ্রহণে আইএসটি/ সিএমটিদের যোগ্যতা

১. আইএসটি হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক রোভারদের কমপক্ষে প্রশিক্ষণ স্তরের হতে হবে। রোভারদের জন্মতারিখ ১ আগস্ট ১৯৯৮-৩১ জুলাই ২০০৫ এর মধ্যে হতে হবে।
২. আইএসটি হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক ইয়াং এডাল্টগণ কমপক্ষে বেসিক কোর্স সম্পন্ন হতে হবে। ইয়াং অ্যাডাল্টদের জন্ম তারিখ ১ আগস্ট ১৯৯৩- ৩১ জুলাই ১৯৯৮ এর মধ্যে হতে হবে।
৩. আইএসটি / সিএমটি হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক অ্যাডাল্টগণ কমপক্ষে উডব্যাজ প্রাপ্ত হবেন। অ্যাডাল্ট লিডারগণের বয়স সর্বনিম্ন ৩০ বছর হতে হবে।
৪. ইংরেজি বা ফরাসি ভাষা বলা ও শুনার স্বাভাবিক যোগ্যতা থাকতে হবে।

\*\*\* উল্লিখিত নীতিমালা দ্বারা কোন বিষয় মীমাংসিত না হলে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের নির্দেশনা মোতাবেক আন্তর্জাতিক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।